

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
অডিট শাখা  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

১৪ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ

স্মারক নং-৫৭.০১.৩০৮০.১৮৭.১৪.২১.২০১৩-৩৪

তারিখ : \_\_\_\_\_  
২৮ মার্চ, ২০১৯ খ্রি:

বিষয় : পুণরায় ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠান প্রসংগে।

সূত্র: ১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অডিট শাখা-১ এর স্মারক নং-৫৭.০১.৩০৮০.১৮৭.১৪.২১.২০১৩-৩১,

তারিখ: ১৪/০৩/২০১৯ খ্রি:।

২) মহোদয়ের দপ্তরের স্মারক নং-৭১১/এসএএস-১/ত্রি-পক্ষীয় সভা/২০১৪-২০১৫/১ম খন্ড/৮৩০,

তারিখ: ২১/০৩/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও কার্যকর ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত ১ নং স্মারকের মাধ্যমে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠানের জন্য তারিখ নির্ধারণক্রমে অনুরোধ পত্র প্রেরণ করা হয়।

০২. এরই পরিপ্রেক্ষিতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে প্রেরিত ত্রি-পক্ষীয় সভার কার্যপত্রটি যথাযথভাবে তৈরি হয়নি বিষয়ে ধার্য তারিখে (২৭.০৩.২০১৯) সভাটি অনুষ্ঠান সম্ভব নয় মর্মে সূত্রে বর্ণিত ২ নং স্মারকে অত্র বিভাগকে জানানো হয়েছে।

০৩. এখানে উল্লেখ্য যে, পূর্বের ধারাবাহিকতায় সর্বশেষ গত ১৬.০৯.২০১৮ তারিখে অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভায় ব্যবহৃত কার্যপত্রের আলোকে একটি কার্যপত্র তৈরি করা হলো এবং পরবর্তী কার্যক্রমের নিমিত্ত প্রণীত কার্যপত্রখানা মহোদয় বরাবর প্রেরণ করা হলো।


০৪. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ বিভিন্ন দপ্তরের পেন্ডিং অগ্রীম আপত্তিসমূহ দ্রুত ও কার্যকরভাবে নিষ্পত্তির (ব্রডশীট জবাব প্রেরণের পরও নিষ্পত্তি না হওয়ায়) লক্ষ্যে আগামী ১৭.০৪.২০১৯ খ্রি. সকাল ১০.০০ টায় অত্র বিভাগের যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের কক্ষে (কক্ষ নং-৮০৯) ত্রি-পক্ষীয় সভার তারিখ ও সময় পুণরায় ধার্য করা হলো এবং সভার কার্যক্রমের সুবিধার্থে প্রণীত কার্যপত্র সংযুক্ত করা হলো (কপি সংযুক্ত)।

০৫. এখানে উল্লেখ্য যে, ত্রি-পক্ষীয় সভায় ব্যবহারের জন্য কার্যপত্রের কোন Standard Format নেই। সংযুক্ত কার্যপত্রের বিষয়ে কোন observation থাকলে কার্যপত্রের Standard Format নির্ধারণক্রমে এর কপি আগামী ০১.০৪.২০১৯ খ্রি. তারিখের মধ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৬. ত্রি-পক্ষীয় সভা সফল করার লক্ষ্যে ধার্য তারিখ ও সময়ে উপযুক্ত প্রতিনিধি প্রেরণ নিশ্চিত করা আবশ্যিক।

০৭. এমতাবস্থায়, উপরিউক্ত মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১৬ ফর্দ।

  
২৮.০৩.১৯

(নূরজাহান বেগম)

সিনিয়র সহকারী সচিব (অডিট)

ফোনঃ ৯৫৭৫২৭২

মহাপরিচালক,  
স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর,  
অডিট কমপ্লেক্স (৫ম ও ৬ষ্ঠ তলা),  
সেগুনবাগিচা, ঢাকা।

১৪ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ

স্মারক নং-৫৭.০১.৩০৮০.১৮৭.১৪.২১.২০১৩-৩৪

তারিখ : ২৮ মার্চ, ২০১৯ খ্রি:


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ইস্কাটন, ঢাকা।
- ২। উপসচিব (অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, সরকারি মাদ্রাসা –ই-আলিয়া, বকশিবাজার, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, বাংলাদেশ গ্লাস এন্ড সিরামিকস ইনস্টিটিউট, তেজগাঁও, ঢাকা।
- ৬। অধ্যক্ষ, বোয়ালমারী ছোলনা সালামিয়া এতিমখানা, বোয়ালমারী, ফরিদপুর।

প্রয়োজনীয় তথ্য উপাত্তসহ ধার্য তারিখ ও সময়ে যথাস্থানে উপস্থিত থাকার অনুরোধসহ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় উপ-মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. সিনিয়র সহকারী সচিব (সেবা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (৩০ জনের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৫. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইট এ দেয়ার অনুরোধসহ)
৬. যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭. যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. উপ-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. অফিস কপি।
১০. মাষ্টার কপি।



২৮.০৬.১৯

(নূরজাহান বেগম)

সিনিয়র সহকারী সচিব (অডিট)

ফোনঃ ৯৫৭৫২৭২